গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.৮৬০

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত পরিপত্র প্রেরণ।**

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত পরিপত্র সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিপত্র।




৩০-১২-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব
২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড।
৫। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
৬। বিভাগীয় কমিশনার (সকল)।
৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৯। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
১০। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১১। জেলা প্রশাসক (সকল)।
১২। পুলিশ সুপার, (সকল)।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.৮৬০/১ (৯)

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও বিধি অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, মন্ত্রিসভা ও রিপোর্ট অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭। যুগ্মসচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।
৯। সচিব (সমন্বয় ও সংস্কার) এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।



৩০-১২-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব

**নির্বাচন অগ্রাধিকার**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
www.cabinet.gov.bd.

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.৮৫৯

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র

**বিষয়: জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।**

নির্বাচন কমিশন সচিবালয় আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা, কর্মচারীকে সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করতে এবং উক্ত দায়িত্ব পালনে কোনোরূপ শৈথিল্য প্রদর্শন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেছে।

২। উক্ত নির্বাচন পরিচালনার জন্য ইতোমধ্যে ৬৯ জন রিটার্নিং অফিসার এবং ৪৯৯ জন সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে এবং কোনো কোনো ক্ষেত্রে বেসরকারি অফিস/শিক্ষা প্রতিষ্ঠান হতেও প্রয়োজনীয় সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করার প্রয়োজন হবে। নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক জুডিশিয়াল/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হবে। নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকরি এবং ৫ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

৩। নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব-সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক বা অন্য যে-কোনো ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী নির্বাচন কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং তিনি উক্ত দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এরূপ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসেবে কোনো আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোনো সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠান এমনকি বেসরকারি অফিস/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোনো তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য কোনো নির্দেশ প্রদান করলেই সেই অফিস/প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারী (যারা সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত) নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য বা ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য অসদাচরণের অভিযোগে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাকে অভিযুক্ত করা যাবে এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থার কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।

৩০.১২.২০২৫
(ড. শেখ আব্দুর রশীদ)
মন্ত্রিপরিষদ সচিব

*E:\General Section 19.11.2024 (AO)\2025\Election\Paripatra.doc*

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব/সচিব....................................................মন্ত্রণালয়/বিভাগ
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩। মহাপরিচালক, বিজিবি
৪। মহাপরিচালক, কোস্ট গার্ড
৫। মহাপরিচালক, আনসার ও ভিডিপি
৬। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট বিভাগ
৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৯। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১০। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১১। জেলা প্রশাসক.......... (সকল)
১২। পুলিশ সুপার, ..........(সকল)
১৩। উপজেলা নির্বাহী অফিসার,........ (সকল)
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। ...............................................

৩০/১২/২০২৫

(মোঃ নিকারুজ্জামান)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
ই-মেইল: general_sec@cabinet.gov.bd